

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-২

নং স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৬/ ১৪৩৫

তারিখ : ১৯ আগষ্ট ২০০৭

পরিপত্র

বিষয় : পাসপোর্টে “No Visa Required for Travel to Bangladesh ” সীল প্রদান প্রসংগে ।

- সূত্রঃ ১) স্বঃ মঃ (বহি-২)/১পি-৭/২০০৬/২৮৮০, তারিখঃ ১৯ অক্টোবর ২০০৬
২) স্বঃ মঃ (বহি-২)/১পি-৭/২০০৬/৫১৪, তারিখঃ ০৪ এপ্রিল ২০০৭

উপর্যুক্ত সূত্রসমূহে বর্ণিত বিষয়ে জারীকৃত পরিপত্র নিম্নরূপ সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা হ'ল :

০২। বাংলাদেশী বংশোদ্ভূত, সার্কভুক্ত দেশসমূহ ব্যতীত, বিশ্বের যে কোন দেশের নাগরিকত্ব গ্রহণকারী ব্যক্তি ও তাঁদের স্ত্রী/সন্তানদের এবং বাংলাদেশী নাগরিকের বিদেশী স্ত্রী ও তাঁদের সন্তানদের বাংলাদেশে আগমন ও অবস্থান সহজতর করার জন্য তাঁদের বিদেশী পাসপোর্টে “No visa required for travel to Bangladesh” সীল প্রদান করা যাবে। নিম্নলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশন এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর উপরোল্লিখিত ব্যক্তিদের বিদেশী পাসপোর্টে “No visa required for travel to Bangladesh” সীল প্রদান করবে :

০৩। শর্তাদি :-

ক) বাংলাদেশী বংশোদ্ভূত ব্যক্তির ক্ষেত্রে :

ধ. দ্বৈত নাগরিকত্ব সনদপত্র,
অথবা

ন. বৈধ বাংলাদেশী পাসপোর্ট,
অথবা

প. বিদেশী নাগরিকত্ব গ্রহণের পূর্বেকার বাংলাদেশী পাসপোর্ট/ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত জন্মসংক্রান্ত/নাগরিকত্বের প্রত্যয়নপত্র এবং পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন।

খ) আদিসূত্রে বাংলাদেশী এবং বর্তমানে বিদেশী নাগরিকত্ব গ্রহণকারী ব্যক্তির বিদেশী স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রে :

- পিতা/মাতা/স্বামীর বৈধ বাংলাদেশী পাসপোর্ট/দ্বৈত নাগরিকত্বের সনদ অথবা বিদেশী নাগরিকত্ব গ্রহণের পূর্বেকার পিতা/মাতা/স্বামীর বাংলাদেশী পাসপোর্ট/ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/স্বামীর জন্মসংক্রান্ত/নাগরিকত্বের প্রত্যয়নপত্র, এবং
- পিতা/মাতা/স্বামী কর্তৃক স্ত্রী/সন্তান মর্মে প্রদত্ত হলফ নামা এবং
- পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন।

গ) বাংলাদেশী নাগরিকের বিদেশী স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রে :

- পিতা/মাতা/স্বামীর বাংলাদেশী পাসপোর্ট অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত জন্মসংক্রান্ত/নাগরিকত্বের সনদপত্র, এবং
- বিবাহের সনদপত্র (স্ত্রীর ক্ষেত্রে), এবং
- পিতা/মাতা/স্বামী কর্তৃক বিদেশী স্ত্রী/সন্তানদের অনুকূলে প্রদত্ত হলফনামা এবং
- পুলিশ বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন।

ঘ) ইউরোপ, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, কানাডা ও নিউজিল্যান্ডে নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশীদের বিদেশী পাসপোর্টে “No visa required for travel to Bangladesh (NVR)” গ্রহণের ক্ষেত্রে পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হবে না। তবে আবেদনকারীর বাংলাদেশী নাগরিকত্ব প্রমানের জন্য সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে শিক্ষাগত সনদ পত্র/বাংলাদেশী পাসপোর্ট/স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

০৪। ৩(ঘ) এ বর্ণিত দেশসমূহ ব্যতীত অন্যান্য দেশের সংশ্লিষ্ট দূতাবাস থেকে তদন্তের জন্য প্রাপ্ত আবেদন পত্রটির উপর ৪৫(পয়তাল্লিশ) দিনের মধ্যে পুলিশ বিশেষ শাখা তদন্ত কাজ সম্পন্নপূর্বক প্রতিবেদন দাখিল করবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন না পাওয়া গেলে সংশ্লিষ্ট সংস্থার কোন আপত্তি নেই মর্মে ধরে নেয়া হবে।

০৫। দ্বৈত নাগরিকত্ব গ্রহণ ব্যতীত বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিকগণ বাংলাদেশী পাসপোর্ট ব্যবহার করতে পারবেন না।

০৬। পাসপোর্টের মেয়াদ যতদিন থাকবে “No visa required for travel to Bangladesh” সুবিধা ততদিন বহাল থাকবে এবং পাসপোর্ট বাতিল হলে উক্ত সুবিধাও বাতিল বলে গণ্য হবে। বিদ্যমান “No visa required for travel to Bangladesh” সীল নতুন পাসপোর্টে স্থানান্তরের ক্ষেত্রে মাথাপিছু ৫০ (পঞ্চাশ) মার্কিন ডলার অথবা সমপরিমান অর্থ ফি বাবদ প্রদান করতে হবে।

০৭। এই পরিপত্র কার্যকর হওয়ার সাথে সাথে “No visa required for travel to Bangladesh” সংক্রান্তে জারীকৃত পূর্বের সকল পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(শেখ আব্দুর রউফ)
উপ-সচিব (বহিরাগমন)

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
- ২। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৩। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশোধিত নীতিমালার অনুলিপি সংশ্লিষ্ট সকল বাংলাদেশ দূতাবাস/মিশনে প্রেরণের অনুরোধ করা হ'ল)।
- ৪। সচিব----- (সংশ্লিষ্ট সকল)
- ৫। বাংলাদেশ দূতাবাস/ মিশন -----(সকল)
- ৬। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা।
- ৭। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা।
- ৮। মহাপরিচালক, এন.জি.ও বিষয়ক ব্যুরো, ঢাকা।
- ৯। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ১০। নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড, ঢাকা।
- ১১। নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ধানমন্ডি, ঢাকা।
- ১২। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এস বি, ঢাকা।
- ১৩। সভাপতি, এফ, বি, সি, সি, আই, ঢাকা।
- ১৪। চেয়ারম্যান, এফ, আই, সি, সি, আই, ঢাকা।
- ১৫। উপসচিব (নিরাপত্তা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

(শেখ আব্দুর রউফ)
উপ-সচিব (বহিরাগমন)